



বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
প্লট#ই-৫/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-বাংলা নগর, ঢাকা।
লাইসেন্সিং শাখা



নম্বর ১৪.৩২.০০০০.৭০২.৪৫.৬৭১.১৯.১৪৩১

তারিখ: ১৬ আশ্বিন ১৪৩০

০১ অক্টোবর ২০২৩

০৪টি ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার (আইএসপি) লাইসেন্স বাতিল সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নের ছকে উল্লেখিত ০৪টি প্রতিষ্ঠান নির্ধারিত সময়ে ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার (আইএসপি) লাইসেন্স রূপান্তর (কনভার্সন) না করে সংশ্লিষ্ট লাইসেন্সিং গাইডলাইন ও বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ এর বিধান লঙ্ঘন করায় তাদের আইএসপি লাইসেন্সসমূহ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বাতিল করা হলো। সুতরাং, উক্ত লাইসেন্সসমূহের অধীনে যে কোন কার্যক্রম সম্পাদন করা হবে অবৈধ এবং বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ এর অধীন শাস্তিযোগ্য অপরাধ। কাজেই উক্ত প্রতিষ্ঠানসমূহকে আইএসপি লাইসেন্স সংশ্লিষ্ট সকল প্রকার কার্যক্রম হতে বিরত থাকার জন্য নির্দেশ প্রদান করা হলো এবং সংশ্লিষ্ট সকলকে উল্লিখিত প্রতিষ্ঠানসমূহের সাথে যে কোন ধরনের টেলিযোগাযোগ চুক্তি সম্পাদনসহ সেবা গ্রহণ/প্রদান এবং টেলিযোগাযোগ সেবা গ্রহণ/প্রদানের বিপরীতে আর্থিক লেনদেন করা থেকে বিরত থাকার জন্য অনুরোধ করা হলো। এছাড়া প্রতিষ্ঠানসমূহকে অত্র বিজ্ঞপ্তি জারির তারিখ হতে ১০ (দশ) দিনের মধ্যে তাদের অনুকূলে ইস্যুকৃত লাইসেন্স কমিশন বরাবর সমর্পনের জন্য নির্দেশনা প্রদান করা হলো। বাতিলকৃত আইএসপি প্রতিষ্ঠানসমূহের তালিকা নিম্নরূপ:

Sl. No.	Name of the ISP	Address	Category
1.	Nabila Net	Plot-04, Main Road, Shop-5 (4th Floor) Mukto Bangla Shopping Complex, Mirpur-1, Dhaka.	Cat-A
2.	Pnet	Ward-7, Batikhali, Paikgacha, Pourashava, Khulna.	Cat-C
3.	M/s. Paralekha Online	Noor Plaza, Ashuganj (Noor Medical Center), Brahmanbaria.	Divisional
4.	Airnet Communications	Holding No.-179, Shop No.-01, Rubi Plaza, Shah Mostafa Road, Moulovibazar-3200.	Divisional

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

১-১০-২০২৩

মোঃ নূরন্নবী

পরিচালক

ফোন: +৮৮০ ২ ২২২২১৭০০০

ফ্যাক্স: +৮৮০ ২ ২২২২১৭১৬৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) মহাপরিচালক, ইঞ্জিনিয়ারিং এন্ড অপারেশন্স বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
- ২) মহাপরিচালক, সিস্টেমস এন্ড সার্ভিসেস বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
- ৩) মহাপরিচালক, স্পেকট্রাম বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
- ৪) পরিচালক, এনফোর্সমেন্ট এন্ড ইন্সপেকশন, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
- ৫) পরিচালক, অর্থ, হিসাব ও রাজস্ব বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
- ৬) পরিচালক, প্রশাসন বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিজ্ঞপ্তিটি কমিশনের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৭) চেয়ারম্যান এর একান্ত সচিব, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য)